

এই রমজানে একান্ত মনে

দিলরুবা শাহানা

অভুক্ত পেটে শুকনো ঠোঁটে

ভক্তিতে বীণিত দোয়াপাঠে

বন্ধু স্রজন নিজ প্রিয়জন

মঙ্গল যাচো নিবির ধৈয়ানে

আপনজনরা থাকুক বয়ানে।

তবুও একবার

শুধু একবার

প্রার্থনা হউক

জ্যাস্ত পুড়ানো

ছেলেটি স্মরনে।

কোথাকার ছেলে?

কে পোড়াল তাকে?

ফিলিস্তিনী ছেলে

গাজায় নিবাস।

পুড়িয়েছে যারা

দরকার কি জেনে?